

💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়: সহীহ হাদীসের আলোকে সাওম রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

যিলহজ মাসের সাওম পালন

'আয়েশা রাদিয়াল্লাহু 'আনহা থেকে বর্ণিত, তিনি বলেন,

«مَا رَأَيْتُ رَسُولَ اللهِ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ صائِمًا فِي الْعَشْرِ قَطُّ»

"আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামকে (যিলহজ্জের) দশম তারিখে কখনও সাওম পালন করতে দেখি নি।"[1]

'আয়েশা রাদিয়াল্লাহু 'আনহা থেকে বর্ণিত যে,

«أَنَّ النَّبِيَّ صلَّى اللهُ عَلَيْهِ وَسلَّمَ لَمْ يَصمُمِ الْعَشْرَ»

"নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (যিলহজ্জের) দশ তারিখে সাওম পালন করেননি"।[2]

ইবন 'আববাস রাদিয়াল্লাহু 'আনহুথেকে বর্ণিত,তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«مَا مِنْ أَيَّامٍ الْعَمَلُ الصَّالِحُ فِيهَا أَحَبُّ إِلَى اللَّهِ مِنْ هَذِهِ الْأَيَّامِ» يَعْنِي أَيَّامَ الْعَشْرِ، قَالُوا: يَا رَسُولَ اللَّهِ، وَلَا الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ، إِلَّا رَجُلُّ خَرَجَ بِنَفْسِهِ وَمَالِهِ، فَلَمْ يَرْجِعْ مِنْ ذَلِكَ بِشَيْءٍ» الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ، إِلَّا رَجُلُّ خَرَجَ بِنَفْسِهِ وَمَالِهِ، فَلَمْ يَرْجِعْ مِنْ ذَلِكَ بِشَيْءٍ»

"আল্লাহতা'আলার নিকট দিনসমুহের মধ্যে যিলহজ মাসের প্রথম দশ দিনের 'আমল অধিক প্রিয়। সাহাবীগণজিজ্ঞাসাকরেন, ইয়ারাসূলুল্লাহ্! আল্লাহর রাস্তায়জিহাদকরাওকিঐরূপউত্তমআমলনয়?তিনি বলেন না, আল্লাহ রাস্তায় জিহাদ করাওনয়। অবশ্য যেব্যক্তিস্বীয়জানমালসহরাস্তায় বেরহওয়ার পর আরপ্রত্যাবর্তন করেনা,তার ব্যাপারটি স্বতন্ত্র"।[3]

>

ফুটনোট

- [1] সহীহ মুসলিম, হাদীস নং ১১৭৬।
- [2] সহীহ মুসলিম, হাদীস নং ১১৭৬।
- [3] তিরমিয়ী, ৭৫৭, ইমাম তিরমিয়ী রহ. বলেছেন, হাদীসটি হাসান সহীহ গরীব। আবূ দাউদ, হাদীস নং ২৪৩৮, ইমাম আলবানী রহ. বলেছেন, হাদীসটি সহীহ। ইবন মাজাহ, হাদীস নং ১৭২৭।



উল্লেখ্য যে, এ হাদীসটি 'কিতাবুস সাওম' এর মধ্যে না আনাই ভালো। কেননা এ হাদীসটিতে দিনের মর্যাদা বুঝানো হয়েছে। নির্দিষ্ট করে সাওমের কথা বলা হয় নি; বরং সাওমের ব্যাপারে যে হাদিসটি এসেছে তা দ'ঈফ। হাদীসটি হলো, আবু হুরায়রা রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

مَا مِنْ أَيَّامٍ أَحَبُّ إِلَى اللهِ أَنْ يُتَعَبَّدَ لَهُ فِيهَا مِنْ عَشْرِ ذِي الحِجَّةِ، يَعْدِلُ صِيَامُ كُلِّ يَوْمٍ مِنْهَا بِصِيَامِ سَنَةٍ، وَقِيَامُ». «كُلِّ لَيْلَةٍ مِنْهَا بِقِيَام لَيْلَةِ القَدْرِ

"এমন কোনো দিন নাই যে দিনসমূহের ইবাদত আল্লাহর নিকট যিলহজ মাসের দশ দিনের ইবাদত অপেক্ষা অধিক প্রিয়। এর প্রতিটি দিনের সিয়াম এক বছরের সিয়ামের সমতুল্য। এর প্রতিটি রাতের ইবাদত লায়লাতুল কাদরের ইবাদতের সমতুল্য।" (তিরমিয়ী, হাদীস নং ১৭২৮) আলবানী রহ. হাদীসটিকে দ'য়ীফ বলেছেন। ইবন মাজাহ, ৭৫৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10910

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন